৬	কৃষি ও পানি সম্পদ (জল)
৭	কৃষি ও পানি সম্পদ (জল)
৮	কৃষি ও পানি সম্পদ (জল)
৯	কৃষি ও পানি সম্পদ (জল)
১০	কৃষি ও পানি সম্পদ (জল)
১১	কৃষি ও পানি সম্পদ (জল)

বিষয়ঃ “বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট)” এবং “কুড়িগ্রাম সেচ প্রকল্প (দক্ষিণ ইউনিট)” শীর্ষক প্রকল্পদ্বয়ের বিদ্যমান সমস্যাবলী নিরসনে সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটির প্রতিবেদন প্রসঙ্গে।

সূত্রঃ পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- পাসম/প-১/৮/২০০৩(অংশ-১)/১১৮; তারিখঃ ১১-০৯-২০০৭

মহোদয়,
উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে বিষয়োক্ত প্রকল্পদ্বয়ের বিদ্যমান সমস্যাবলী নিরসনে সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটির প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করছি।

সংযুক্তিঃ বর্ণনামতে (সেট ২৩ পৃষ্ঠা)।

ক্রম	বিষয়
১	কৃষি ও পানি সম্পদ (কৃষি)
২	কৃষি ও পানি সম্পদ (পানি)
৩	কৃষি ও পানি সম্পদ (মৎস্য)
৪	কৃষি ও পানি সম্পদ (জল)
৫	কৃষি ও পানি সম্পদ (জল)
৬	কৃষি ও পানি সম্পদ (জল)
৭	কৃষি ও পানি সম্পদ (জল)
৮	কৃষি ও পানি সম্পদ (জল)
৯	কৃষি ও পানি সম্পদ (জল)
১০	কৃষি ও পানি সম্পদ (জল)
১১	কৃষি ও পানি সম্পদ (জল)

আপনার অনুগত,

(নুরুল হক মজুমদার)
উপ প্রধান-১
ফোনঃ ৭১৬ ৪৫১২

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। যুগ্ম-প্রধান(সেচ উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। মহাপরিচালক (কৃষি ও পানি সম্পদ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রংপুর।
- ৫। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, বাড়ী নং-৪৯৬, এ্যানেক্স ৪৭৯, সড়ক-৩২, নিউডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ৬। জনাব মোঃ জহিরুল ইসলাম ও কমিটির সদস্য, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর প ও র সার্কেল-১, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রংপুর।
- ৭। জনাব মোহাম্মদ জাফর উল্লাহ, সিনিয়র সহকারী প্রধান ও কমিটির সদস্য, পরিকল্পনা কমিশন, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮। জনাব দয়ানন্দ দেবনাথ, সহকারী পরিচালক (পানি) ও কমিটির সদস্য, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৯। জনাব মোঃ জাকির হোসেন, এসোসিয়েট স্পেশালিস্ট ও কমিটির সদস্য, আইডব্লিউএম, বাড়ী নং-৪৯৬, এ্যানেক্স ৪৭৯, সড়ক-৩২, নিউডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ১০। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মাষ্টার নথি।

কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট) বিষয়ে গঠিত আন্তঃমন্ত্রণালয়

কমিটির প্রতিবেদন

কমিটি গঠনের প্রেক্ষাপট : কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট) এর বাস্তবায়ন গত ২০০৬-০৭ ইং অর্থ বৎসর হতে শুরু হয়। কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট) সেচ নেটওয়ার্ক নির্মাণ সংক্রান্ত প্রকল্পটি মূলতঃ ২টি অংশে বিভক্ত যথা-প্রাক নির্মাণ কার্যক্রম (Pre-construction Activities) এবং নির্মাণ কার্যক্রম (Construction Activities)। আলোচ্য সেচ প্রকল্পের প্রাক নির্মাণ কার্যক্রম চলাকালে শুধুমাত্র বিকল্প বাঁধ নির্মাণ, বাঁধ পুনরাকৃতিকরণ (আংশিক) এবং তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা সম্ভব, যা প্রকল্পের মোট ব্যয়ের মাত্র ৯-১০%। তবে বিকল্প বাঁধের জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা এবং অন্যান্য কারনে প্রকল্পটির অগ্রগতি 'ন্যূনতম লক্ষ্যমাত্রাও অর্জন সম্ভব হয়নি। ফলশ্রুতিতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্পটি গৃহীত হলেও পানি সম্পদ মন্ত্রণালয়ে জুলাই/০৭ ইং মাসে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় প্রকল্পটিকে Slow Progress / Sick Project হিসাবে চিহ্নিত করা হয়। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক না হওয়ার পেছনে কি কি সমস্যা বিদ্যমান সেগুলি চিহ্নিত করে তা সমাধানের সুপারিশ প্রদানের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের, সেচ উইং এ অনুষ্ঠিত ২৭-৮-২০০৭ ইং তারিখের সভায় সিদ্ধান্তক্রমে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধপ আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয় (সংযোজনী-ক) :

- ১। জনাব নূরুল হক মজুমদার, উপ-প্রধান-১, আহবায়ক
পানি সম্পদ মন্ত্রণালয়।
 - ২। জনাব জহিরুল ইসলাম, সদস্য
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১, পাউবো।
 - ৩। জনাব মোঃ জাফর উল্লাহ, সদস্য
সিনিয়র সহকারী প্রধান, সেচ উইং, পরিকল্পনা কমিশন।
 - ৪। জনাব দয়ানন্দ দেবনাথ, সদস্য
সহকারী পরিচালক, আইএমইডি।
 - ৫। জনাব মোঃ জাকির হোসেন, সদস্য
এসোসিয়েট স্পেশালিস্ট, আইডরিউএম।
- ২.০ কমিটির কার্যপরিধি : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট)' এবং 'কুড়িগ্রাম সেচ প্রকল্প (দক্ষিণ ইউনিট)' শীর্ষক প্রকল্প দুটির সুষ্ঠু বাস্তবায়ন/মূল্য বৃদ্ধির কারনে সংশোধন, পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম ইত্যাদি পর্যালোচনাসহ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন আকারে বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করা।
- ৩.০ কমিটির কার্য পদ্ধতি : কমিটি গত ১৫-০১-২০০৮ তারিখে প্রকল্পের বিষয়ে একটি সভায় মিলিত হয়। অতঃপর গত ০৬-০২-২০০৮ থেকে ০৭-০২-২০০৮ তারিখ পর্যন্ত কমিটি কর্তৃক মাঠ পর্যায়ে প্রকল্প এলাকা পরিদর্শন, নথি-পত্র পর্যালোচনা, সুবিধাভোগীদের সাথে আলোচনা/মতামত গ্রহণ করা হয়। প্রতিবেদন চূড়ান্ত করার নিমিত্তে কমিটি সর্বশেষ গত ০৩-০৪-২০০৮ তারিখে পুণরায় সভায় মিলিত হওয়াসহ ১৭/০৪/২০০৮ তারিখে উপদেষ্টা প্রতিষ্ঠান আইডরিউএম এর পরামর্শক কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন ও পর্যালোচনা করা হয়। মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শন, সুবিধাভোগীদের সংগে আলোচনা, নথি-পত্র পর্যালোচনা এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনার মাধ্যমে কমিটি কর্তৃক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়।
- ৪.০ প্রকল্পের পটভূমি : ১৯৯০ সালে জাইকা (Japan International Co-operation Agency) কর্তৃক প্রণীত কুড়িগ্রাম সেচ ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের (উত্তর ইউনিট) সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন এবং পরবর্তীতে ২০০৪ সালে দেশীয় পরামর্শক প্রতিষ্ঠান M/S. DPM-KRANTI-BETS কর্তৃক সমীক্ষা প্রতিবেদন আপডেটপূর্বক সুবিধাভোগীদের নিয়ে গত ৪ জুলাই, ২০০৫ তারিখে কর্মশালা আয়োজনের মাধ্যমে সমীক্ষা প্রতিবেদন চূড়ান্ত করে। সমীক্ষা প্রতিবেদনের সুপারিশগুলির ভিত্তিতে আলোচ্য প্রকল্পটি প্রণয়ন করা হয়। প্রকল্পটি কুড়িগ্রাম জেলার সদর (আংশিক), নাগেশ্বরী, ফুলবাড়ী ও ভুরুঙ্গামারী উপজেলায় বিস্তৃত। প্রকল্পটি পূর্ব ও দক্ষিণ-পূর্বে ~~স্বতন্ত্র~~ দুধকুমার ও ব্রহ্মপুত্র নদ, পশ্চিম-দক্ষিণে ধরলা নদী, উত্তর-পশ্চিমে ভারত-বাংলাদেশ সীমান্ত রেখা ও উত্তরে ভুরুঙ্গামারী সোনাহাট রেলপথ দ্বারা বেষ্টিত। প্রকল্পটির মোট এলাকা ৪২৮০০ হেক্টর এবং সেচ যোগ্য এলাকা ৩২,৮০০ হেক্টর। তন্মধ্যে আলোচ্য প্রকল্পের সেচ যোগ্য কমান্ড এরিয়া ২১,৮০০ হেক্টর।

- ৫.০ প্রকল্পের অনুমোদন : প্রকল্পের সারপত্রের উপর গত ০৬-১১-২০০৫ তারিখে পরিকল্পনা কমিশনে আন্তঃমন্ত্রণালয় মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। অতঃপর বিগত ০১-০২-২০০৬ তারিখে প্রকল্পের বিষয়ে পিইসি সভা অনুষ্ঠিত হয় এবং পরবর্তীতে প্রকল্পটি ১৫-১০-২০০৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় হলো ১০৯৯৭.৫০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন কাল নির্ধারণ করা হয় জুলাই'২০০৬ হতে জুন'২০১০ পর্যন্ত।
- ৬.০ প্রকল্পটির মূল উদ্দেশ্য : প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো ২১,৮০০ হেক্টর আবাদী জমিতে উপযুক্ত সেচ সুবিধা প্রদানের জন্য সেচ ব্যবস্থাপনা গড়ে তোলা। উপরোক্ত উদ্দেশ্য বাস্তবায়নে প্রকল্পের specific লক্ষ্যমাত্রা সমূহ নিম্নরূপ :
- (ক) প্রকল্প এলাকায় শস্য নিবীড়তা ১৯৩% হতে ২২৮ % বৃদ্ধি করা ;
- (খ) ২১,৮০০ হেঃ এলাকাকে সেচ সুবিধার আওতায় আনা ;
- (গ) প্রকল্প এলাকার নদী ভাংগন কবলিত বাড়ীঘর, ফসলি জমি, স্কুল-কলেজ ইত্যাদি ও নদী ভাংগন হতে রক্ষা করা ;
- (ঘ) নিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন করা ; এবং
- (ঙ) মৎস্য চাষ বৃদ্ধি করাসহ সর্বপরি এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা ;
- ৭.০ কমিটির পর্যবেক্ষণ :
- ৭.১ প্রকল্পের সার্বিক বাস্তবায়ন, লক্ষ্যমাত্রা ও অগ্রগতি : অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জুলাই/২০০৬ হতে শুরু হয়। গত মার্চ' ২০০৮ পর্যন্ত প্রকল্পের সার্বিক ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি মাত্র ৯.১৮৫%। প্রকল্পের সার্বিক অগ্রগতির একটি চিত্র নিম্নে দেখানো হলো (বিস্তারিত সংযোজনী-খ) :

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংগের নাম	অনুমোদিত প্রাক্কলন		মার্চ'২০০৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		মন্তব্য
		বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	আর্থিক (%)	
১	২	৩	৪	৫	৬	৭
১।	প্রাক নির্মাণ ব্যয়	১ দফা	২২৫.০০	০.৮৮৫ (১দফা)	৫৬.৬৩	-
২।	জমি অধিগ্রহণ	৫১২ হেক্টর	১০০০.০০	-	-	১০.৬০ হেঃ জমির ছুকুম দখল প্রস্তাব দাখিল করা হইয়াছে।
৩।	সেচ অবকাঠামো নির্মাণ	১৬০টি	২০০০.০০	-	-	-
৪।	সেচ নেটওয়ার্ক নির্মাণ	২৬৪.০০ কিমিঃ	১৩৫৭.৩০	-	-	-
৫।	পাম্প ক্রয় ও স্টেশন স্থাপন	২টি	৩৮৫০.০০	-	-	-
৬।	বাঁধ নির্মাণ					
	ক) বিকল্প বাঁধ নির্মাণ	৬.০০ কিমিঃ	১৫০.০০	০.৭০ (৩.৯১৫ কিমিঃ)	৫৯.৫১	
	খ) বাঁধ মেরামত কাজ	২৫.০০ কিমিঃ	৭৮.০০	০.৫৭ (২৫.০০ কিমিঃ)	৬০.২৪	
৭।	অন্যান্য ভৌত কাজ					
	ক) নদী তীর সংরক্ষণ	১.৭০ কিমিঃ	৭৭২.০০	৬.৭৫ (১.১৭৮ কিমিঃ)	৬৩৮.৩৬	
	খ) নিষ্কাশন ড্রাইচ নির্মাণ	২টি	৩৫০.০০	০.২০ (১টি -আং)	-	-
	গ) নিষ্কাশন খাল খনন/পুনঃখনন	৫০.০০ কিমিঃ	১৫০.০০	-	-	-
	ঘ) সেতু/ কালভার্ট নির্মাণ	১০টি	২০০.০০	-	-	-
	ঙ) প্রকল্প সংযোগ সড়ক নির্মাণ	৩.০০ কিমিঃ	৫০.০০	-	-	-
	চ) বিদ্যুৎ সঞ্চালন লাইন ও টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন	৪.০০ কিমিঃ	৪০.০০	-	-	-
	ছ) মাঠ পর্যায়ে কৃষি সম্প্রসারণ কার্যক্রম	১ দফা	১০.০০	-	-	-
	জ) নির্মাণকালীন রক্ষণাবেক্ষণ	১ দফা	১০০.০০	-	-	-
৮।	কন্ট্রিনজেন্সি	১ দফা	৭০.৬০	০.০৮ (১ দফা)	৯.০৪	
৯।	ওভার হেড	১ দফা	৫৬৪.৬০	-	-	-
১০।	অন্যান্য ব্যয় (দপ্তরের যন্ত্রপাতি ক্রয় ও মোটর সাইকেল ক্রয়)		৩০.০০	-	-	-
	মোট :		১০৯৯৭.৫০	৯.১৮৫%	৮২৩.৭৮	

- ৭.২ পরিদর্শিত অংশের বাস্তবায়ন লক্ষ্যমাত্রা ও অগ্রগতি : গত ০৮-০২-০৮ ইং তারিখে কমিটি কর্তৃক প্রকল্পের ২টি প্যাকেজের আওতায় নদী তীর সংরক্ষণ কাজ পরিদর্শন করা হয়। নিবে পরিদর্শিত কাজের অগ্রগতি দেখানো হলো :-

ক্রঃ নং	কাজের নাম	প্যাকেজের নাম ও চুক্তিমূল্য (লক্ষ টাকায়)	কাজ শুরুর তারিখ কাজ সমাপ্তির তারিখ	পরিদর্শনের দিন কাজের অগ্রগতি (%)	মন্তব্য
১।	Protective work on the right bank of Dudhkumar river at Tangonmari from Km. 33.70 to Km. 33.876 = 176.00 m in connection with Kurigram Irrigation Project (North Unit) in UZ. & Dist. Kurigram during the year 2006-07.	লাল-০৪/২০০৬-০৭ ১১১.৪৯	০৪-০৩-০৭ ৩১-১২-০৭	১০০%	কাজ সমাপ্ত
২।	Protective work on the right bank of Dudhkumar river at Tangonmari from Km. 33.876 to Km. 34.000 = 124.00 m in connection with Kurigram Irrigation Project (North Unit) in UZ. & Dist. Kurigram during the year 2006-07.	লাল-১১/২০০৬-০৭ ৭৯.৪৩	০৮-০৫-০৭ ৩১-০৩-০৮	৭৮%	কাজ চলিতেছে

- ৭.৩ অর্থবছর ভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি : অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের Year wise Financial & Physical target & progress নিম্নরূপ :

(লক্ষ টাকা)

অর্থবছর	আর্থিক	বাস্তব		মন্তব্য
		লক্ষ্যমাত্রা	অগ্রগতি	
১	২	৩	৪	৫
১ম বৎসর FY ২০০৬-০৭	২১৬৭.১০	১৯.৭১%	৬.৬২%	প্রকল্পের প্রাক নির্মাণ কার্যক্রম হিসাবে Topographic survey/Detailed Irrigation planning এর কাজ পরামর্শক IWM কর্তৃক সমাপ্তির পথে। অন্যদিকে Morphological study এবং Drainage Model সহ Detailed Engineering & Design কাজের পরামর্শক নির্বাচন ও কার্যাদেশ চূড়ান্ত পর্যায়ে। বর্ণিত পরামর্শকদ্বয়ের কাজ চূড়ান্ত হওয়ার পর প্রকল্পের অন্যান্য অংশের ভৌত কাজ সমূহের বাস্তবায়ন শুরু করা হবে।
২য় বৎসর FY ২০০৭-০৮	২৮৩৯.৭০	২৫.৮২%	২.৯২৫% (মার্চ/০৮)	
৩য় বৎসর FY ২০০৮-০৯	৩৬০৯.৭০	৩২.৮২%	-	
৪র্থ বৎসর FY ২০০৯-১০	২৩৮১.০০	২১.৬৫%	-	
মোট	১০৯৯৭.৫০	১০০%	৯.১৮৫%	

- ৭.৪ Time bound action plan সংক্রান্ত পর্যালোচনা : প্রকল্পের প্রাক নির্মাণ কার্যক্রম হিসাবে Topographic survey/Detailed Irrigation planning এর কাজ পরামর্শক IWM কর্তৃক সমাপ্তির পথে (৭০%)। অন্যদিকে Pre-construction Activities অর্থাৎ Topographic survey/Detailed Irrigation planning এবং অতি সম্প্রতি Detailed Engineering & Design এর পরামর্শক নিয়োগ করা হয়েছে। তাদের নিকট হতে প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে প্রকল্পটির অবকাঠামো সমূহের নকশা প্রণয়ন এর উপর ভৌত কাজ সমূহের বাস্তবায়ন নির্ভরশীল। যেহেতু আলোচ্য প্রকল্পটির Pre-construction Activities সমাপ্ত হবার পূর্বেই প্রকল্প বাস্তবায়ন হাতে নেয়া হয়েছে, সেক্ষেত্রে বর্ণিত পরামর্শক নির্ভর কার্যক্রম সমাপ্ত হবার পূর্বে প্রকল্প বাস্তবায়নে সীমাবদ্ধতা বিদ্যমান। প্রাক নির্মাণ কার্যক্রম সমাপ্তির সাথে সাথেই নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কাজ শুরু করা যাবে।

- ৭.৫ উপকার ভোগীদের মতামত : মঙ্গা পীড়িত অত্র এলাকার জনগনের প্রধান দাবী তিস্তা প্রকল্পের ন্যায় কম খরচে এবং দ্রুত সময়ে তাদেরকে সেচ সুবিধা প্রদান করা। সেলক্ষ্যে পাম্প হাউজ নির্মাণ সহ সেচ নালা ও অন্যান্য অবকাঠামো দ্রুততার সাথে নির্মাণ ও তার আওতা বাস্তবায়নে জনগনের প্রত্যাশা অনেক। সেই সাথে নদী ভাঙনও এই এলাকার একটি নিত্য নৈমিত্তিক সমস্যা। নদী ভাঙনে প্রতি বছর এ এলাকায় সৃষ্টি হয় নতুন নতুন ভূমিহীন গোষ্ঠি। এলক্ষ্যে আবাদ যোগ্য ফসলী জমি রক্ষা সহ প্রকল্পটির দ্রুত বাস্তবায়ন অত্র এলাকার জনগনের একান্ত কামনা।

- ৭.৬ এডিপিতে অর্থ বরাদ্দ, অবমুক্ত ও ব্যয় সংক্রান্ত : প্রকল্পের বাস্তবায়ন ২০০৬-০৭ অর্থবছরে শুরুর পর প্রকল্পের আওতায় মোট বরাদ্দ প্রদান করা হয় ১৭৫০.০০ লক্ষ টাকা। তন্মধ্যে ফেব্রুয়ারী'২০০৮ পর্যন্ত মোট অবমুক্ত ও ব্যয় হয় যথাক্রমে ২০০৬-০৭ সালে ৭৫০.০০ লক্ষ এবং ২০০৭-০৮ সালে ৪৯৯.৫০ লক্ষ টাকা। প্রকল্পের বিপরীতে অর্থবছর ভিত্তিক অর্থ বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের বিবরণী নিম্নে দেখানো হলো :

অর্থ বছর	এডিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	অর্থ ব্যয়
১	৩	৬	৯
২০০৬-০৭	৭৫০.০০	৭৫০.০০	৬৮০.২৫
২০০৭-০৮	১০০০.০০	৪৯৯.৫০	১৪৩.৫৫

৭.৭

প্রকল্প বাস্তবায়নে Risk Factor সংক্রান্ত :

৭.৭.১

প্রাক নির্মাণ কার্যক্রম শেষ হওয়ার পর অনুমোদিত নকশা অনুযায়ী পাম্প হাউজ নির্মাণ, প্রধান খাল, সেকেন্ডারী খাল, টারশিয়ারী খাল নির্মাণ/ পুনঃ খনন, বাঁধ নির্মাণ সহ অন্যান্য পূর্ত কাজে ব্যাপক জমি অধিগ্রহণ জড়িত। বর্তমানে জমি অধিগ্রহণের প্রক্রিয়াটি যথেষ্ট জটিল ও সময় সাপেক্ষ এবং একটি দীর্ঘ প্রক্রিয়া, যা শুধুমাত্র একটি সরকারী সংস্থার উপর নির্ভরশীল নয়। একাজের জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের দপ্তর সহ ভূমি মন্ত্রণালয়ও জড়িত। বিধায় প্রতি ক্ষেত্রেই যথেষ্ট কালক্ষেপন হয়ে থাকে, যার দরুন নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা অত্যন্ত দুরূহ হয়ে পড়ে।

৭.৭.২

যে সকল জমির উপর দিয়ে Irrigation Canal এর Net work বিস্তৃত হবে, কার্যক্ষেত্রে প্রায়শঃই দেখা যায় যে, জমির মালিকগণ (Land owner) তার নিজস্ব জমিতে খালের / বাঁধের Alignment প্রদানে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এই প্রতিবন্ধকতা কখনও বা এককভাবে আবার কখনও বা সম্মিলিত ভাবে সৃষ্টি হয়ে থাকে। বাস্তবক্ষেত্রে এর সমাধান করতে যথেষ্ট কালক্ষেপন হয়ে থাকে।

৭.৮

পরামর্শকের সাথে চুক্তি সম্পাদন এবং কাজের অগ্রগতি :

৭.৮.১

এ প্রকল্পটির টপোগ্রাফিক সার্ভে, সেচ পরিকল্পনা প্রণয়ন, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, পাম্প স্টেশন সমূহের সঠিক স্থান নির্বাচনের জন্য নদীর মরফোলজিক্যাল সমীক্ষা, বিভিন্ন অবকাঠামোর বিস্তারিত নকশা প্রণয়ন ইত্যাদি কাজের জন্য দুইটি ভিন্ন চুক্তির অধীনে একাধিক উপদেষ্টা প্রতিষ্ঠান নিয়োজিত আছে। একটি চুক্তি হইতেছে (ক) “Topographic Survey and Detail Irrigation Planning using Mathematical Modelling Technique for Kurigram Irrigation Project (North Unit)”। এই চুক্তির অধীনে প্রধানত প্রকল্প এলাকার টপোগ্রাফিক সার্ভে এবং সেচ পরিকল্পনা প্রণয়নের কাজ সম্পাদন করা হবে। গত ২৮-১২-২০০৬ তারিখে “Institute of Water Modelling (IWM)”-কে এই কাজের জন্য উপদেষ্টা হিসেবে নিয়োগ করা হয়েছে। চুক্তি মোতাবেক IWM এই কাজের চূড়ান্ত প্রতিবেদন ৩১-১২-২০০৮ তারিখে দাখিল করবে। অন্য চুক্তিটি হইতেছে (খ) Detail Engineering Design for Kurigram Irrigation Project (North Unit)। এই চুক্তির অধীনে প্রধানত প্রকল্প এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, নদীর মরফোলজিক্যাল সমীক্ষা, সেচ ও নিষ্কাশন ব্যবস্থা সহ পাম্প স্টেশন, নদী তীর সংরক্ষণ ইত্যাদি সংশ্লিষ্ট বিভিন্ন অবকাঠামোর বিস্তারিত নকশা প্রণয়নের কাজ সম্পাদন করা হবে। গত ১৯-০৩-২০০৮ তারিখে House of Consultant Limited (HCL) এর নেতৃত্বে একটি উপদেষ্টা Consortium এর সাথে পাউবো এর চুক্তি সম্পাদিত হয়েছে। উল্লেখ্য যে, এই Consortium-এ IWM ও একটি অংগ প্রতিষ্ঠান। চুক্তি মোতাবেক উপদেষ্টা প্রতিষ্ঠান এই কাজের চূড়ান্ত প্রতিবেদন ১৮-৩-২০০৯ তারিখে দাখিল করবে এবং অন্তর্বর্তীকালে ধাপে ধাপে বিভিন্ন পর্যায়ে বিভিন্ন পরামর্শ/আউটপুট প্রদান করবে।

৭.৮.২

এখানে উল্লেখ্য যে এই প্রকল্পের সেচ ও নিষ্কাশন ব্যবস্থার সঠিক কার্যকারিতা সেচ ব্যবস্থা ও নিষ্কাশন ব্যবস্থার সুষ্ঠু পরিকল্পনা ও বাস্তবায়নের উপর নির্ভরশীল। অধিকন্তু পাম্প স্টেশন সমূহের সঠিক স্থান নির্বাচনের উপর সেচ নালার পরিকল্পনা অনেকাংশে নির্ভরশীল। তাই ছাড়া প্রকল্পের সেচ ও নিষ্কাশন ব্যবস্থার পরিকল্পনা ও সংশ্লিষ্ট অবকাঠামো একটি অপরটির সাথে অংগাংগি ভাবে জড়িত। প্রকল্পের সেচ ও নিষ্কাশন ব্যবস্থার সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের জন্য এই দুইটি ব্যবস্থাকে সমন্বিত ভাবে (Integrated way) বিশ্লেষণ ও মূল্যায়ন পূর্বক সেচ ও নিষ্কাশন ব্যবস্থার পরিকল্পনা প্রণয়ন করতে হবে। তাই প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে নিয়োজিত বিভিন্ন উপদেষ্টা প্রতিষ্ঠানের কাজের মধ্যে সমন্বয় সাধন অতীব জরুরী।

৭.৮.৩

গত ১৭-৮-২০০৮ তারিখে কমিটি প্রকল্পটির “Topographic Survey and Detail Irrigation Planning using Mathematical Modelling Technique (North Unit)” শীর্ষক কাজের জন্য নিয়োজিত উপদেষ্টা প্রতিষ্ঠান IWM এ পরামর্শক কাজের অগ্রগতি সরজমিনে পরিদর্শন করে এবং কাজের সাথে সংশ্লিষ্ট উপদেষ্টাগণের সাথে বিস্তারিত আলোচনা করে। আলোচনান্তে IWM- এর কাজের অগ্রগতি সন্তোষজনক বলে প্রতীয়মান হয়। IWM এ পরিদর্শনকালে IWM এর কর্ম পরিধি পর্যালোচনা করে এবং প্রকল্প এলাকায় সরজমিনে পরিদর্শনকালে কমিটির নিকট ইহা প্রতীয়মান হয় যে IWM কর্তৃক প্রণীত সেচ নালার Layout মৌজা ম্যাপে স্থানান্তর না করা হলে সেচ নালার জন্য ভূমি অধিগ্রহণের কাজ আদৌ আরম্ভ করা সম্ভব হবে না। IWM এর সাথে বাপাউবো এর চুক্তি পর্যালোচনা করে দেখা যায় যে সেচ নালার Layout মৌজা ম্যাপে স্থানান্তরের বিষয়টি চুক্তিতে উল্লেখ নেই। তবে চুক্তিতে উল্লেখ করা হয়েছে যে পাউবো IWM এর কারিগরী সহায়তায় IWM কর্তৃক প্রণীত সেচ নালার Layout মাঠে সরজমিনে establish করবে (BWDB with its design and field offices will establish the layout of the irrigation canal system in the field with necessary technical support from

IWM) এবং পাউবো প্রয়োজনীয় সকল মৌজা ম্যাপ সংগ্রহ করবে। এই প্রসঙ্গে প্রকল্প পরিচালক জানানেন যে বর্তমানে পাউবোতে এই সংক্রান্ত দক্ষ ও পর্যাপ্ত জনবলের অভাব রয়েছে। IWM এর পক্ষ থেকে জানানো হয় যে বিদ্যমান চুক্তির আওতায় সেচ নালার Layout মৌজা ম্যাপে স্থানান্তরের কাজটি সমপন্ন করতে হলে প্রয়োজনীয় অর্থের সংস্থানসহ চুক্তি সংশোধন করতে হবে।

৭.৮.৪

উল্লেখ্য, পরামর্শক কর্তৃক Topographic Survey/Detail Irrigation Planning এবং Detail Engineering & Design কাজের চূড়ান্ত প্রতিবেদন প্রাপ্তির পর মাঠ পর্যায়ে ভৌত কাজ বাস্তবায়ন যথাযথভাবে শুরু করা সম্ভব হবে। তবে অন্তর্বর্তীকালীন সময়ে উপাত্ত/আউটপুটের ভিত্তিতে প্রাক-নির্মাণ সংক্রান্ত কিছু কিছু কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে/হচ্ছে।

৭.৯

প্রকল্পের ব্যয় হ্রাস / বৃদ্ধি পাবার সুনির্দিষ্ট কারণ (অঙ্গ ভিত্তিক) :

পরামর্শক কর্তৃক সুপারিশকৃত (২০০৪ ইং সাল) প্রাথমিক প্রণীত ডিম্পি ব্যয় ছিল টাকা ২১৪৪৫.০০ লক্ষ, পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ডিম্পি যাচাই করণ কমিটির সভার সিদ্ধান্ত (২১-৯-০৫ ইং) মোতাবেক ডিম্পি ব্যয় ধার্য করা হয় টাকা ১৭৩৩৭.০০ লক্ষ এবং পরবর্তীতে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিসি সভায় (১২-০২-০৬ ইং) প্রকল্প ব্যয় কমবেশী ১০০.০০ কোটি টাকার মধ্যে সীমিত রাখার জন্য বলা হয়। সেই মোতাবেক প্রণীত কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট) এর ডিম্পি ব্যয় ধরা হয় টাকা ১০৯৯৭.৫০ লক্ষ, যা একনেক সভায় (১০-৫-০৬ইং) অনুমোদন লাভ করে। বাজার দর ও নির্মাণ ব্যয় যেখানে ক্রম উর্দ্ধমুখি সেক্ষেত্রে ৪ বৎসর পূর্বের প্রাক্কলিত মূল্যকে হ্রাস করার বিষয়টি অস্বাভাবিক। আর্থিক সীমাবদ্ধতার কারণে মূল পরিকল্পনার সংকোচনের ফলে পরবর্তীতে প্রণীত ডিম্পিপতে অত্যাবশ্যকীয় কিছু কাজ বাদ পড়ে এবং বেশ কিছু কাজের মূল্য অস্বাভাবিকভাবে কম ধরা হয়। প্রকল্প গ্রহণে প্রকল্প ব্যয় এভাবে হ্রাস করার কোন যৌক্তিকতা থাকতে পারে না। তাছাড়া মাঠ পর্যায়/বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক বাস্তব কাজের ব্যয় প্রাক্কলন প্রকৃত দরের তুলনায় অস্বাভাবিকভাবে কম ধরার বিষয়টিও গ্রহণযোগ্য নয়। অধিকন্তু, প্রাক নির্মাণ কাজ সমাপ্তি শেষে প্রকল্পের অঙ্গ ভিত্তিক বাস্তব কাজ শুরু হতে আরও প্রায় ২টি অর্থ বছর অতিবাহিত হবে। পরবর্তীতে বর্তমান বাজার দর আরও বৃদ্ধি পাবে। বিধায় ভৌত কাজের ব্যয় যথেষ্ট বৃদ্ধি পাবে মর্মে ধারণা করা হচ্ছে। বর্তমানে অনুমোদিত ডিম্পিপ'র প্রাক্কলিত ব্যয় অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রকল্পটি অসম্পূর্ণ থাকবে এবং ইঙ্গিত লক্ষ্য অর্জন করা সম্ভব হবে না। প্রকল্পের অঙ্গ ভিত্তিক ব্যয়ের হ্রাস/বৃদ্ধির কারণ নিম্নরূপঃ

4886: Survey & Investigation-1 item Tk. 15.00 lac

মাঠ পর্যায়ের বিভিন্ন কাজের জন্য জরীপ এবং মৃত্তিকা পরীক্ষা কাজের ব্যয় এই দফার আওতায় নির্বাহ করা হচ্ছে। পাম্প হাউজ নির্মাণ ও Ancillary work সহ বিভিন্ন কাঠামো এর নকশা প্রণয়ন ও নির্মাণের জন্য Soil Investigation সহ এই দফার কাজে আরও অতিরিক্ত অর্থ প্রয়োজন হবে।

4874: Topographic survey/Detailed Irrigation Planning-1 item Tk. 100.00 lac

মাঠ পর্যায়ে জরীপ কাজ প্রায় সমাপ্ত হয়েছে। কিছু ব্যতিক্রম ছাড়া অগ্রগতি পরিকল্পনা অনুযায়ী চলছে। কিন্তু মৌজা ম্যাপের উপর আধুনিক পদ্ধতিতে (Digital) Canal ও অবকাঠামোর alignment স্থাপন (জমি অধিগ্রহণের নিমিত্তে) এবং মৌজা ম্যাপ সংগ্রহ কাজে আরও অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে।

4874: Detailed Engineering and design-1 item Tk. 100.00 lac

পরামর্শক নির্বাচন ও কার্যাদেশ চূড়ান্ত পর্যায়ে। বর্ণিত কাজের মাধ্যমে পাম্প হাউজের লোকেশন নির্ধারণ করা হবে এবং Drainage Pattern তথা Existing Drainage Channel / Khal ও আউটলেট সমূহের জন্য প্রয়োজনীয় উপাত্ত পাওয়া যাবে। প্রাপ্ত উপাত্তের ভিত্তিতে allied works এর নকশা প্রণয়ন, Drainage Channel / Khal ও আউটলেটগুলির নকশা প্রণয়ন করা যাবে। এর ধারাবাহিকতায় জমি অধিগ্রহণের পরিমাণ, ব্যয় ও নির্মাণ কাজের প্রাক্কলন প্রস্তুত তথা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে। বাস্তব অবস্থার প্রেক্ষাপটে কিছু পরিমাণ ব্যয় বৃদ্ধি পেতে পারে।

4863: Fishery/Live stock/Poultry/ afforestation-1 item Tk. 10.00 lacs

প্রকল্প বাস্তবায়নের সাথে সামঞ্জস্য রেখে এবং সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থার সাথে সমন্বয়ের দিক নির্দেশনা এবং বাস্তবায়ন কৌশল প্রণয়ন করা হবে।

4899: Contingency (1% of civil cost) Tk. 70.60 lac

এই দফার অগ্রগতি প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির উপর নির্ভরশীল এবং অগ্রগতি আনুপাতিক হারে হচ্ছে।

5903 Overhead cost (8% of civil cost). Tk. 564.60 lacs

মধ্যমেয়াদী বাজেট প্রনয়নের কারণে এই দফাটি অকার্যকর।

6813: Pump procurement-2 Nos. Tk. 2050.00 lac

Detailed Engineering and design কাজের অগ্রগতির উপর এই দফার কাজের অগ্রগতি নির্ভরশীল এবং পাম্প হাউজ নির্মাণ কাজ শেষে তা স্থাপন করা হবে।

6819: Office equipment-1 item Tk. 10.00 lac

বর্তমান অর্থ বৎসরে (২০০৭-০৮) এই দফার আওতায় ফটোকপিয়ার ও কম্পিউটার ক্রয় দরপত্রের মাধ্যমে প্রক্রিয়াধীন রয়েছে। মাঠ পর্যায়ে বিভিন্ন জরিপ ও অন্যান্য অবকাঠামো নির্মাণ কাজে ব্যবহৃত থিওডোলাইট, লেভেলিং মেশিন, ইকো সাউন্ডিং এবং মাল্টিমিডিয়া ইত্যাদি ক্রয়ের নিমিত্তে পরবর্তীতে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে।

6807: Transport & vehicle-1 item. Tk. 20.00 lacs

বর্ণিত দফায় ৪ টি মটর সাইকেল নতুন ক্রয় এর জন্য টাকা- ৫.৬০ লক্ষ এবং জীপ ৬ টি ও মটর সাইকেল ৯ টি মেরামত ও রক্ষনাবেক্ষন এর জন্য টাকা- ১৪.৪০ লক্ষ মোট ৫.৬০+১৪.৪০= ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। কিন্তু ৪ টি মটর সাইকেল ক্রয় এর জন্য প্রয়োজ্য অর্থ কোড ৬৮০৭, যা মূলধন ব্যয়ের অন্তর্ভুক্ত। অপর দিকে জীপগাড়ী ও মটর সাইকেল মেরামত ও রক্ষনাবেক্ষনের জন্য প্রয়োজ্য কোড ৪৯০১, যা রাজস্ব ব্যয়ের অন্তর্ভুক্ত। অর্থ কোড সংশোধন করা প্রয়োজন।

6901: Land Acquisition-512 hac. Tk. 1000.00 lac

হেক্টর প্রতি জমি অধিগ্রহণের ব্যয় বরাদ্দ টাকা ১.৯৫ লক্ষ যা নিতান্তই অপ্রতুল। বর্তমানে জমির হেক্টর প্রতি দর কমবেশী টাকা ১০.০০ লক্ষ। পাম্প হাউজ, রেগুলেটর এবং সেচ খালের জন্য জমি অধিগ্রহণের সুযোগ থাকলেও বিকল্প বাঁধ নির্মাণ কাজের জন্য জমি অধিগ্রহণের প্রস্তাব ডিপিপিতে অন্তর্ভুক্ত নাই। ফলে বিকল্প বাঁধ নির্মাণ কাজের অগ্রগতি ব্যাহত হচ্ছে। বিকল্প বাঁধ নির্মাণ কাজের জন্য এই দফা হতে জমি অধিগ্রহণ করার জন্য অনুমতি প্রয়োজন এবং পরবর্তীতে অন্যান্য কাজের জন্য অনুমোদিত নকশার ভিত্তিতে চূড়ান্ত ভাবে জমির পরিমাণ নির্ধারণ করা সম্ভব হবে এবং এই দফার কাজে আরো অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে।

7016: Construction of Pumping Station-2 Nos. Tk. 1800.00 lac

Detailed Engineering and design এর জন্য পরামর্শক নিয়োগ হওয়ার পর পরামর্শকের নিকট হতে প্রাপ্ত তথ্য ও উপাত্তের ভিত্তিতে এ'কাজের নকশা প্রণয়ন শুরু হবে। নকশা প্রণীত হওয়ার পর চূড়ান্ত মূল্য নির্ধারণ সহ দরপত্র আহবান করে নির্মাণ কাজ শুরু করা যাবে। পরামর্শক নিয়োগ কার্যক্রম বর্তমানে চূড়ান্ত পর্যায়ে আছে। বাস্তব অবস্থার প্রেক্ষাপটে এ কাজে ব্যয় বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে এবং এ বিষয়ে Procurement plan পুনর্গঠন করতে হবে।

7036: Main Canal 47.00 Km. Tk. 697.90 lac.

Detailed Engineering and design এর কাজ সম্পন্ন না হওয়ার কারণে পাম্প হাউজের Location নির্ধারণ করা যায়নি। ফলে পরামর্শক কর্তৃক Topographic survey and Detail Irrigation planning কাজ সম্পন্ন হলে এবং পাম্প হাউজের লোকেশন নির্ধারিত হওয়ার পর Main Canal এর Alignment নির্ধারণ, নকশা প্রনয়ন, জমি অধিগ্রহণ, প্রাক্কলন প্রস্তুত করা সম্ভব হবে। পরামর্শকের প্রাথমিক তথ্যের ভিত্তিতে Main Canal এর দৈর্ঘ্য হবে ৫৫.০০ কিমিঃ ফলে একাজে ব্যয় বৃদ্ধি পাবে। এক্ষেত্রে Procurement plan পুনর্গঠন করতে হবে।

7036: Secondary Canal – 117.00 Km. Tk. 477.80 lac.

Detailed Engineering and design এর কাজ সম্পন্ন না হওয়ার কারণে পাম্প হাউজের Location নির্ধারণ করা যায়নি। ফলে পরামর্শক কর্তৃক Topographic survey and Detail Irrigation planning কাজ সম্পন্ন হলে এবং পাম্প হাউজের লোকেশন নির্ধারিত হওয়ার পর Secondary Canal এর Alignment নির্ধারণ, নকশা প্রনয়ন, জমি অধিগ্রহণ, প্রাক্কলন প্রস্তুত করা সম্ভব হবে। পরামর্শকের প্রাথমিক তথ্যের ভিত্তিতে Secondary Canal এর দৈর্ঘ্য পরিবর্তিত হবে। এ বিষয়ে প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে এবং অংগের ব্যয়ও বৃদ্ধি পাবে।

7036: Tertiary canal 100.00 Km. Tk. 181.60 lac.

Detailed Engineering and design এর কাজ সম্পন্ন না হওয়ার কারনে পাম্প হাউজের Location নির্ধারণ করা যায়নি। ফলে পরামর্শক কর্তৃক Topographic survey and Detail Irrigation planning কাজ সম্পন্ন হলে এবং পাম্প হাউজের লোকেশন নির্ধারিত হওয়ার পর Tertiary canal এর Alignment নির্ধারণ, নকশা প্রণয়ন, জমি অধিগ্রহণ, প্রাক্কলন প্রস্তুত করা সম্ভব হবে। পরামর্শকের প্রাথমিক তথ্যের ভিত্তিতে Tertiary Canal দৈর্ঘ্য পরিবর্তীত হবে। এ বিষয়ে প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে এবং ব্যয় বৃদ্ধি পাবে।

7036: Irrigation Structures-160 Nos. Tk. 2000.00 lac

Detailed Engineering and design এর জন্য পরামর্শক নিয়োগ হওয়ার পর এ কাজের নকশা প্রণয়ন শুরু হবে। নকশা প্রণীত হওয়ার পর চূড়ান্ত মূল্য নির্ধারণসহ দরপত্র আহবান করে নির্মাণ কাজ শুরু করা হবে। পরামর্শক নিয়োগ কার্যক্রম বর্তমানে চূড়ান্ত পর্যায়ে আছে। পরবর্তীতে চূড়ান্ত নকশা অনুযায়ী এ কাজে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে। এ বিষয়ে প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে।

7026: Road Crossing Bridge/Culvert-10 Nos. Tk. 200.00 lac.

Detailed Engineering and design এর জন্য পরামর্শক নিয়োগ হওয়ার পর এ কাজের নকশা প্রণয়ন শুরু হবে। নকশা প্রণীত হওয়ার পর চূড়ান্ত মূল্য নির্ধারণসহ দরপত্র আহবান করে নির্মাণ কাজ শুরু করা হবে। পরামর্শক নিয়োগ কার্যক্রম বর্তমানে চূড়ান্ত পর্যায়ে আছে। এ বিষয়ে প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে এবং প্রাথমিক অনুসন্ধানে প্রতীয়মান হয় যে এ খাতে ব্যয় বৃদ্ধি পাবে।

7081 Construction of retired embankment 6.00 Km. Tk. 150.00 lac.

বিকল্প বাঁধ নির্মাণকল্পে ডিপিপিতে জমি অধিগ্রহণের সংস্থান নাই। প্রকল্প অনুমোদনের পরবর্তীতে নদী ভাংগনের কারনে ডিপিপিতে সংযুক্ত প্রকিউরমেন্ট প্লান হতে বর্তমান ভাংগন কবলিত দৈর্ঘ্য হেরফের হচ্ছে। বর্তমান অবস্থায় নদী ভাংগনে বিলীন বাঁধের স্থানে বিকল্প বাঁধের দৈর্ঘ্য পরিবর্তীত হবে। ডিপিপি এর প্রকিউরমেন্ট প্লান সংশোধন করতে হবে।

7081 Embankment re-sectioning = 25.00 Km. Tk. 78.00 lac.

বর্তমান বাঁধ পুনরাকৃতিকরণ ব্যয় ডিপিপিতে উল্লেখিত ব্যয় অপেক্ষা বেশী হবে। গত কয়েক বছরের বন্যা, অতিবৃষ্টি এবং মানুষ জনের ব্যবহারের ফলে বাঁধের অবস্থা অত্যন্ত জীর্ণ। বাঁধ পুনরাকৃতিকরণ কাজে আরও অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে। ডিপিপি এর প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে।

7041: Bank revetment (1.70 Km.) Tk. 772.00 lac.

তীর সংরক্ষণ কাজের বাস্তবায়ন চলছে। তীর সংরক্ষণ কাজের জন্য বর্তমান বাজার দর অনুযায়ী প্রয়োজনীয় পরিমাণ (প্রয়োজন ০.৯০ লক্ষ/মিঃ) অপেক্ষা কম অর্থ বরাদ্দ থাকায় (বরাদ্দ ০.৪৫৪ লক্ষ/মিঃ) সম্পূর্ণ দৈর্ঘ্যের কাজ বাস্তবায়ন করা যাবে না। এ ছাড়া প্রতিরক্ষা কাজের DPPতে অন্তর্ভুক্ত দৈর্ঘ্য প্রয়োজনের তুলনায় কম হওয়ায় প্রকল্পের বিভিন্ন স্থানে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষা করা সম্ভব হচ্ছে না। তীর সংরক্ষণ কাজের পরিমাণ ১.৭০ কিমিঃ এর স্থলে ৬.০০ কিমিঃ এ উন্নীত করা ও বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। এখানে উল্লেখ্য যে, সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনে এবং প্রথমে দাখিলকৃত ডিপিপিতে ৬.০০ কিমিঃ প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করার প্রস্তাব ছিল।

7041: Drainage sluice 2 Nos. Tk. 350.00 lac.

অনুমোদিত ডিপিপিতে বেগমগঞ্জ এলাকায় ১টি ৩-ভেন্ট ও যোগাদহ এলাকায় ১টি ৬-ভেন্ট বিশিষ্ট মোট ২টি Drainage sluice এর নির্মাণের জন্য ৩৫০.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। চলতি ২০০৭-০৮ অর্থ বৎসরে বেগমগঞ্জ এলাকায় ৩-ভেন্ট বিশিষ্ট Drainage sluice এর দরপত্র আহবান করতঃ বাস্তব কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে। যাহার প্রকৃত ব্যয় দাঁড়াবে প্রায় ১২০.০০ লক্ষ টাকা। অবশিষ্ট থাকবে (৩৫০.০০-১২০.০০) = ২৩০.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, যোগাদহ এলাকায় ডিপিপিতে অন্তর্ভুক্ত ৬-ভেন্ট sluice এর স্থলে ৮-ভেন্ট বিশিষ্ট Drainage sluice এর প্রয়োজন হবে, ফলে এ ক্ষেত্রে নির্মাণ ব্যয় বৃদ্ধি পাবে।

7041 Drainage Channel re-excavation 50.00 Km. Tk.150.00 lacs

Topographic survey & Detailed Irrigation Planning এবং Drainage Model সহ Detail Enginerring and Design কাজ সমাপ্ত হওয়ার পরেই উপরোক্ত কাজ গুলি বাস্তবায়ন করা যাবে। এই কাজ গুলির দৈর্ঘ্য, ব্যয় ও পরিমাণ পরিবর্তীত হবে। প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে।

7041 Construction of Project Road 3.00 Km. Tk. 50.00 lacs.

Topographic survey & Detailed Irrigation Planning এবং Drainage Model সহ Detail Engineering and Design কাজ সমাপ্ত হওয়ার পরেই উপরোক্ত কাজ গুলি বাস্তবায়ন করা যাবে। এই কাজ গুলির দৈর্ঘ্য, ব্যয় ও পরিমাণ পরিবর্তিত হবে। প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে।

7041 On farm activities 1 item. Tk. 10.00 lacs.

Topographic survey & Detailed Irrigation Planning এবং Drainage Model সহ Detail Engineering and Design কাজ সমাপ্ত হওয়ার পরেই উপরোক্ত কাজ গুলি বাস্তবায়ন করা যাবে। এই কাজ গুলির দৈর্ঘ্য, ব্যয় ও পরিমাণ পরিবর্তিত হবে। প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে।

7041 Transmission line & Telecommunication 4.00 Km. Tk. 40.00 lacs

Topographic survey & Detailed Irrigation Planning এবং Drainage Model সহ Detail Engineering and Design কাজ সমাপ্ত হওয়ার পরেই উপরোক্ত কাজ গুলি বাস্তবায়ন করা যাবে। এই কাজ গুলির দৈর্ঘ্য, ব্যয় ও পরিমাণ পরিবর্তিত হবে। প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে।

7041 O&M during Construction 1 item= 100.00 lacs.

প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ইহার বিভিন্ন অবকাঠামোর মেরামত/পুনর্বাসন ও রক্ষণাবেক্ষণ কাজে এই দফা হতে ব্যয় নির্বাহ করা হবে। প্রকল্পটি কুড়িগ্রাম পওর বিভাগের বিদ্যমান অবকাঠামো (দুগুর ভবন, কলোনী, আই, বি) ব্যবহার পূর্বক বাস্তবায়ন করার পরিকল্পনা রয়েছে। ৩৬ বছর পূর্বে নির্মিত বর্নিত অবকাঠামো সমূহকে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করার প্রয়োজনীয় সুবিধা সৃষ্টির জন্য ব্যাপক পুনর্বাসন, পুনঃনির্মাণ ও মেরামত আবশ্যিক। দুগুর ভবন, নির্বাহী প্রকৌশলীর বাস ভবন, উপবিভাগীয় প্রকৌশলীগণের বাসভবন, শাখা কর্মকর্তাগণের বাসভবন, পরিদর্শন বাংলা প্রভৃতির ব্যাপক পুনর্বাসন তথা পুনঃনির্মাণ প্রয়োজন। অন্যদিকে নির্মিত ও নির্মিতব্য অবকাঠামো সমূহ রক্ষণাবেক্ষণ ও মেরামত কল্পে প্রয়োজনীয় অর্থের সংস্থান প্রয়োজন। এই খাতে আনুমানিক টাকা- ৫০০.০০ লক্ষ অতিরিক্ত প্রয়োজন হবে এবং প্রকিউরমেন্ট প্লান পুনর্গঠন করতে হবে।

৭.১০ প্রকল্পের ভৌত কাজের ডিজাইন চূড়ান্তকরণ সংক্রান্ত হালনাগাদ তথ্য :

Pre-construction Activities অর্থাৎ Topographic survey/ Detail Irrigation planning এবং Detail Engineering এর পরামর্শক নিয়োগ এবং তাহাদের নিকট হতে প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে প্রকল্পটির অবকাঠামো সমূহের (ভৌত কাজের) নকশা প্রণয়ন নির্ভরশীল। যেহেতু আলোচ্য প্রকল্পটির Pre-construction Activities সমাপ্ত হওয়ার পূর্বেই প্রকল্পটির বাস্তবায়ন হাতে নেয়া হয়েছে, সেক্ষেত্রে বর্ণিত পরামর্শকগণের নিকট হতে প্রাপ্ত তথ্য ও উপাত্তের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ হিসাবে প্রকল্পের ভৌত কাজের নকশা চূড়ান্তকরণ সম্ভব হবে। উল্লেখ্য গত ২০০৬-০৭ ইং এবং চলতি ২০০৭-০৮ ইং অর্থ বৎসরে ভৌত কাজের মধ্যে কেবল মাত্র বাঁধ নির্মাণ, বাঁধ মেরামত, নদীতীর সংরক্ষণ কাজ এবং একটি ড্রেনেজ সুইচ নির্মাণ কাজের নকশা প্রণয়ন করা সম্ভব হয়েছে।

৮.০ প্রকল্প বাস্তবায়নে বিরাজমান সমস্যা :

৮.১ প্রকল্পের মূল ভৌত কাজসমূহের বাস্তবায়ন (প্রায় ৯১%) ডিপিপি তে অন্তর্ভুক্ত ৩টি গুরুত্বপূর্ণ কাজ তথা -(ক) Topographic survey/ Detail Irrigation planning. (খ) Detail Engineering and Design এবং (গ) জমি অধিগ্রহণ কার্যক্রম এর উপর নির্ভরশীল। Topographic survey/ Detail Irrigation planning এর কাজে নিয়োগকৃত পরামর্শক দ্বারা মাঠ পর্যায়ে survey কাজ সমাপ্ত করা হলেও তাদের কর্তৃক সংগৃহীত এবং পরিত্যক্ত উপাত্তসহ Design parameter এখনও চূড়ান্ত হয়নি। ফলে প্রাথমিক কাজ সমূহ অর্থাৎ সেচ খালের এ্যালাইমেন্ট নির্ধারণ, সেচ খালের নকশা প্রণয়ন, সেচ খালের উপরে অবস্থিত বিবিধ কাঠামো যথা- রোড ক্রসিং ব্রিজ ও কালভার্ট, সাইফুন/একুইডাক্ট, ক্রস রেগুলেটর, ইন্সপেক ইত্যাদির নকশা প্রণয়ন ও অবস্থান নির্ধারণ এবং এর জন্য প্রয়োজনীয় জমির পরিমাণ নির্ধারণ ও হুমুক দখল করার ব্যবস্থা গ্রহণের সুযোগ নাই। অপরদিকে Detail Engineering এবং ডিজাইন কাজের পরামর্শক নিয়োগ চূড়ান্ত পর্যায়ে। এর কারণে Pump House সহ আনুসাংগিক নির্মাণ কাজ বাস্তবায়নে বিলম্ব হচ্ছে। ফলে এতদসঙ্গে প্রাথমিক কাজ সমূহ যথাক্রমে Pump Station এর লোকেশন ও এ্যালাইনমেন্ট ও তা রক্ষার্থে নদী শাসন (রিভার ট্রেনিং) ইত্যাদির অবস্থান নির্ণয় এবং তৎসহ প্রধান খাল, সেকেন্ডারী খাল ও টারশিয়ারী খাল সহ বিভিন্ন অবকাঠামো নির্মাণের জন্য প্রয়োজনীয় জমির পরিমাণ নির্ধারণ ও হুকুম দখল করার ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না।

৮.২ ডিপিপি তে Price escalation শীর্ষক কোন আইটেম নেই। ফলে ডিপিপি অনুমোদন বছরের Schedule of Rates মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করে দরপত্র আহবান করায় বাজার দরের নিরীক্ষে সামগ্রিক কাজের গতিকে বাধাগ্রস্ত করছে।

- ৮.৩ এ জাতীয় বৃহৎ সেচ প্রকল্পের বাস্তবায়ন Pre-construction Activities অর্থাৎ Topographic survey/Detail Irrigation planning , Detailed Engineering & Design ইত্যাদির সফল সমাপ্তির উপর নির্ভরশীল। অথচ এক্ষেত্রে সেটা অনুসরণ করা হয়নি। অর্থনৈতিক কোড সমূহের বিদ্যমান অসামঞ্জস্যতার কারণে প্রকল্পের অর্থ অবমুক্তি ও ব্যয় করার ক্ষেত্রে সমস্যা হচ্ছে। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
- ৯.০ মতামত ও সুপারিশ :
- ৯.১ পরামর্শক নির্ভর প্রাক নির্মান কার্যক্রম যথাক্রমে Topographic survey/ Detail Irrigation planning ও Detail Engineering and design দ্রুত সমাপ্ত করতে হবে। তৎসহ বর্নিত কার্যক্রম চলা অবস্থায় প্রাপ্ত তথ্য ও উপাত্ত সমূহ ব্যবহার পূর্বক একই সাথে নকশা প্রনয়ন কাজ যথাসম্ভব এগিয়ে নিতে হবে।
- ৯.২ প্রকল্পটি বাস্তবায়নের জন্য জমি অধিগ্রহণ একটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। পর্যবেক্ষনে প্রতীয়মান হয় যে, অনুমোদিত ডিপিপিতে অন্তর্ভুক্ত জমি অধিগ্রহণের পরিমান প্রকৃত প্রয়োজনের তুলনায় অপ্রতুল। বিকল্প বাঁধ, ড্রেনেজ রেগুলেটর, ক্রস রেগুলেটর, একুইডাক্ট, সাইফুন, ইস্কেপ, রোড ক্রসিং ব্রীজ, সেচখাল, প্রকল্প রাস্তা এবং সর্বপরি পাম্প হাউজ নির্মানের জন্য প্রাপ্ত নকশা মোতাবেক ডিপিপিতে জমি অধিগ্রহণের সংস্থান রাখতে হবে। বর্তমান বাজার দরের সাথে সংগতি রেখে এই খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে।
- ৯.৩ ডিপিপিতে বর্ণিত আইটেম সমূহ অর্থনৈতিক কোড অনুযায়ী পূর্ণগঠন / সংশোধন করতে হবে।
- ৯.৪ সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে প্রকল্প পরিচালকসহ প্রকল্পের কাজের সংগে জড়িত বিভিন্ন পর্যায়ের প্রকৌশলীগনকে ঘন ঘন পরিবর্তন/ বদলী পরিহার করতে হবে।
- ৯.৫ প্রকল্পের Topographic survey ও Detailed Engineering এর ভিত্তিতে ব্যয় প্রাক্কলন পূর্বক ডিপিপি সংশোধনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৯.৬ প্রকল্পে IWM কর্তৃক প্রণীত সেচ নালার Layout মৌজা ম্যাপে স্থানান্তরের কাজটি IWM কর্তৃক অথবা অন্য কোন যোগ্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থের সংস্থান সংশোধিত DPP তে রাখা যেতে পারে।




28-8-2008
(মোঃ জাকির হোসেন)
এসোসিয়েট স্পেশালিস্ট
আইডাব্লিউএম




(দয়ানন্দ দেবনাথ)
সহকারী পরিচালক
আইএমইডি




(মোঃ জাফর উল্লাহ)
সিনিয়র সহকারী প্রধান
সেচ উইং, পরিকল্পনা কমিশন



(জহিরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
রংপুর পওর সার্কেল-১, পাউবো



(নূরুল হক মজুমদার)
উপ-প্রধান-১
পানি সম্পদ মন্ত্রণালয়



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

তারিখ:	১৫/১১/১৫
স্মারক নং:	প-১/৮/২০০৩(অংশ-১)/১২৬
বিষয়:	পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি (পরিকল্পনা কমিশন, আইএমইডি, বাপাউবোর্ড এবং আইডরিউএম-এর প্রতিনিধি সমন্বয়ে) প্রকল্প দু'টি সুষ্ঠুভাবে বাস্তবায়ন/মূল্য বৃদ্ধির কারণে সংশোধন ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম ইত্যাদি পর্যালোচনা করে সুপারিশসহ প্রতিবেদন আকারে বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করবে
তারিখ:	১৫/১১/১৫
স্মারক নং:	প-১/৮/২০০৩(অংশ-১)/১২৬
বিষয়:	পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি (পরিকল্পনা কমিশন, আইএমইডি, বাপাউবোর্ড এবং আইডরিউএম-এর প্রতিনিধি সমন্বয়ে) প্রকল্প দু'টি সুষ্ঠুভাবে বাস্তবায়ন/মূল্য বৃদ্ধির কারণে সংশোধন ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম ইত্যাদি পর্যালোচনা করে সুপারিশসহ প্রতিবেদন আকারে বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করবে

বিষয়: “বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট)” এবং “কুড়িগ্রাম সেচ প্রকল্প (দক্ষিণ ইউনিট)” শীর্ষক প্রকল্প দু'টির বিদ্যমান সমস্যাবলী নিরসনে সুপারিশ প্রদানের জন্য কমিটি গঠন এবং প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: পরিকল্পনা কমিশনের স্মারক নং- পক/সেচ-৪/২০০৩/১৪৩ (অংশ-১)/১৯৬; তারিখ: ২৯/০৮/২০০৭

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “কুড়িগ্রাম সেচ প্রকল্প (উত্তর ইউনিট)” এবং “কুড়িগ্রাম সেচ প্রকল্প (দক্ষিণ ইউনিট)” শীর্ষক প্রকল্প দু'টির বাস্তবায়ন অগ্রগতি ও বিদ্যমান সমস্যাবলী সম্পর্কে পরিকল্পনা কমিশনে গত ২৭-০৮-২০০৭ তারিখে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তের সাথে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

“পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি (পরিকল্পনা কমিশন, আইএমইডি, বাপাউবোর্ড এবং আইডরিউএম-এর প্রতিনিধি সমন্বয়ে) প্রকল্প দু'টি সুষ্ঠুভাবে বাস্তবায়ন/মূল্য বৃদ্ধির কারণে সংশোধন ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম ইত্যাদি পর্যালোচনা করে সুপারিশসহ প্রতিবেদন আকারে বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রদান করবে”

২। এ প্রেক্ষিতে নির্দেশক্রমে পানি সম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

(ক) উপ-প্রধান-১,	পানি সম্পদ মন্ত্রণালয়	-	আহবায়ক
(খ) প্রতিনিধি,	পরিকল্পনা কমিশন	-	সদস্য
(গ) প্রতিনিধি,	আইএমইডি	-	সদস্য
(ঘ) প্রতিনিধি,	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	-	সদস্য
(ঙ) প্রতিনিধি,	আইডরিউএম	-	সদস্য।

৩। উক্ত কমিটিতে উপযুক্ত পর্যায়ের কর্মকর্তা মনোনয়নপূর্বক কর্মকর্তার নাম ও আনুষঙ্গিক তথ্যাদি (পদবী, অফিস ও টেলিফোন নং) জরুরী ভিত্তিতে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মঈনুল ইসলাম তিতাস)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৭১৬ ৯৬৩০
৮১৭১৭৬৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। নির্বাহী পরিচালক, আইডরিউএম, বাড়ী নং-৪৯৬, এ্যানেল ৪৭৯, সড়ক-৩২, নিউডিও এইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

অনুলিপি :

- ১। যুগ্ম-প্রধান, সেচ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, কৃষি ও পানি সম্পদ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। উপ-প্রধান-১, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাষ্টার নথি।